



বাংলাদেশ খান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

Bangladesh Rice Research Institute, Gazipur
Phone: PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, Fax: 880-2-49272000
E-mail: dg@brri.gov.bd; brrihq@yahoo.com, Website: www.brri.gov.bd

পত্র নং-সি-৪১৩ (II)/১৬/১৯২

তারিখঃ ২৪/১২/২০১৭

বিষয়ঃ ২০/১২/২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্রি'র ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

তারিখ ও সময় : ২০/১২/২০১৭, সকাল-১০.৩০ ঘটিকা
স্থান : ব্রি সভাকক্ষ
সভাপতি : ড. মোঃ আনহার আলী, পরিচালক (প্রশাসন ও সা. প.) ও চিফ ইনোভেশন অফিসার, ব্রি।
উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে ব্রি'র ইনোভেশন টিমের আহবায়ক ও চিফ ইনোভেশন অফিসার, ড. মোঃ আনহার আলী, পরিচালক (প্রশাসন ও সা. প.) সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত সকলকে ব্রি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা ও ওয়েবসাইট হালনাগাদসহ বিভিন্ন বিষয়ে অবহিত করেন। এসময় ব্রি'র চলমান ইনোভেশন তথা উদ্ভাবন সংক্রান্ত সকল কর্মকর্তাদের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থিত ইনোভেশন টিমের সদস্যগণ তাদের নিজ নিজ মতামতসমূহ পেশ করেন। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত ১: ব্রি'র সকল আঞ্চলিক কার্যালয়ে দুইটি উদ্ভাবনী উদ্যোগ “রাইস নলেজ ব্যাংক” (আরকেবি) মোবাইল অ্যাপস ও “Blast Disease forecasting and management” পাইলটিং কার্যক্রম আগামী জানুয়ারি/২০১৮ থেকে শুরু করতে হবে। এক্ষেত্রে কৃষি মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ এটুআই প্রোগ্রামের প্রতিনিধিগণকে পত্র প্রেরণের মাধ্যমে আমন্ত্রণ জানানো ও অবহিত করা এবং ইনোভেশন টিমের সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ২: মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ব্রিতে ‘নাগরিক সেবায় উদ্ভাবন’ বিষয়ক ০২ (দুই) দিনের দ্বিতীয় প্রশিক্ষণ কর্মশালা জানুয়ারি/২০১৮ এর মধ্যে আয়োজন করতে হবে। এ ব্যাপারে প্রয়োজনীয় পরামর্শ ও কারিগরি সহায়তার জন্য কৃষি মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ এটুআই প্রোগ্রামের ‘রিসোর্স পার্সনস’ পুল এর সঙ্গে যোগাযোগের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।


সিদ্ধান্ত ৩: মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপনের আলোকে ইনোভেশন কর্মকর্তাদের প্রনোদনা প্রদানের অংশ হিসেবে ব্রি'র ইনোভেশন টিমের সদস্যগণের উদ্ভাবন সংক্রান্ত অধিকতর অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে উদ্ভাবন বিষয়ক সফল কার্যক্রম চলমান এমন দেশসমূহে ইনোভেশন টিমকে স্বল্প মেয়াদে মার্চ/২০১৮ এর মধ্যে প্রশিক্ষণে পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ৪: ‘Rice Doctor’ মোবাইল অ্যাপস, ওয়েব এ্যাপ্লিকেশন ও ডায়গনসিস টুলস তৈরি করার নিমিত্তে ৭ জানুয়ারি/২০১৮ এর মধ্যে কর্মশালার আয়োজন করতে হবে।

সিদ্ধান্ত ৫: মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)-এর অনুরূপ ব্রি'র সকল বিজ্ঞানী/কর্মকর্তাদের বিনামূল্যে কর্পোরেট সিম প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মোবাইল কোম্পানীকে লিখিত প্রস্তাব প্রেরণ ও ডিএই'র সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ৬: আইসিটি ও ইনোভেশন সংক্রান্ত প্রকল্প প্রস্তাবনা প্রস্তুত করত: কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এ প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ড. মোঃ ইসমাইল হোসেন)
পিএসও এবং বিভাগীয় প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
ব্রি-গাজীপুর।

সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ব্রি।
- ২। পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
- ৩। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
- ৪। উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী, পরিচালক (গবেষণা) এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৫। ড. মোঃ ইসলাম উদ্দিন মোল্লা, বিভাগীয় প্রধান, প্রশিক্ষণ বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৬। ড. মোঃ আব্দুল লতিফ, বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৭। এস. এম. মোস্তাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৮। মোঃ মাহফুজ বিন ওয়াহাব, প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৯। সংশ্লিষ্ট নথি।